



পারমাণবিক স্থাপনায় হামলায় আইএইএর ভূমিকা প্রশ্নবিদ্ধ: তেহরান



ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই। ছবি: সংগৃহীত

ইরানের পারমাণবিক স্থাপনাগুলোতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের হামলার ঘটনায় আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (আইএইএ) কোনো অবস্থান নিচ্ছে না—এমন অভিযোগ তুলেছে তেহরান। দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘাই এই নীরবতাকে প্রশ্নবিদ্ধ বলে মন্তব্য করেছেন।
রাষ্ট্রীয় সংবাদমাধ্যম তাসনিমকে দেওয়া সাক্ষাৎকারে বাঘাই বলেন, যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের এসব হামলা আন্তর্জাতিক আইনের সুস্পষ্ট লঙ্ঘন। কিন্তু এ বিষয়ে আইএইএর নীরবতা পরিস্থিতিকে আরও জটিল করে তুলছে।

এ সময় তিনি আইএইএর মহাপরিচালক রাফায়েল গ্রোসিরও সমালোচনা করেন। বাঘাইয়ের দাবি, হামলার নিন্দা জানানো তো দূরের কথা, গ্রোসি এমন বক্তব্য দিচ্ছেন যা সংকট আরও উসকে দিচ্ছে।

ইরানের পক্ষ থেকে এ ধরনের অভিযোগ নতুন নয়; তবে সাম্প্রতিক উত্তেজনার প্রেক্ষাপটে বিষয়টি আবারও আন্তর্জাতিক অঙ্গনে আলোচনায় এসেছে।